



রিস্ট্রেইনিং অর্ডারস (বিধিনিষেধ সংক্রান্ত আদেশসমূহ)

আপনি কি আপনার পতি/পত্নী, প্রাক্তন পতি/পত্নী বা সহ-বাসকারী সঙ্গী (লিভ-ইন পার্টনার) বা আপনার সন্তানের অন্য পিতা/মাতাকে ভয় পান?

আপনি কি ভীত যে তারা আপনার বা আপনার সন্তানের ক্ষতিসাধন করতে পারে?

আপনি একটি রিস্ট্রেইনিং অর্ডার (বিধিনিষেধ সংক্রান্ত আদেশ) সংগ্রহ করার জন্য পারিবারিক আদালতে যেতে পারেন।

একটি রিস্ট্রেইনিং অর্ডার কোন ব্যক্তি আপনার সাথে কীভাবে যোগাযোগ করতে পারবেন তার উপর সীমাবদ্ধতা আরোপ করবে। এটি একটি সীমিত সময়ের জন্য হতে পারে বা এটি সর্বদাই প্রযোজ্য হতে পারে।

1

একটি রিস্ট্রেইনিং অর্ডার-এর জন্য আবেদন করতে আপনাকে অবশ্যই:

- আপনি যে ব্যক্তিটিকে ভয় পাচ্ছেন তার সাথে আপনাক বিবাহিত হতে হবে, বা
- আপনি যে ব্যক্তিটিকে ভয় পাচ্ছেন তার সাথে আপনার একটি সন্তান থাকতে হবে, বা
- আপনি যে ব্যক্তিটিকে ভয় পাচ্ছেন তার সাথে বসবাস করেছেন। আপনি কখন তার সাথে বাস করেছিলেন বা কতদিন তার সাথে একসাথে ছিলেন এটি কোনো ব্যাপারই নয়।

2

আপনি কখন একটি রিস্ট্রেইনিং অর্ডার-এর জন্য আবেদন

আপনি একটি রিস্ট্রেইনিং অর্ডার-এর জন্য আবেদন করতে পারেন যদি:

- আপনার ভীত হওয়ার কোনো কারণ থাকে যে আপনার বর্তমান বা প্রাক্তন পতি/পত্নী বা সহ-বাসকারী সঙ্গী আপনাকে বা আইনগতভাবে আপনার তত্ত্বাবধানে থাকা কোনো শিশুকে আঘাত করবেন

আপনাকে অবশ্যই আদালতকে বোঝাতে হবে কেন আপনি ভীত যে সেই ব্যক্তি আপনাকে বা শিশু অথবা শিশুদের ক্ষতিসাধন করবে।

একটি রিস্ট্রেইনিং অর্ডার-এর জন্য আবেদন করতে, আপনার সেই ব্যক্তির সাথে অন্য কোনো আদালতি মামলা থাকা লাগবে না।

যদি ব্যক্তিটি রিস্ট্রেইনিং অর্ডার-এর শর্তাবলী অনুসরণ না করেন তবে পুলিশ তাদের বিরুদ্ধে অপরাধের অভিযোগ আনতে পারে।

যেহেতু পারিবারিক আদালত থেকে রিস্ট্রেইনিং অর্ডারটি পেতে দীর্ঘ সময় লাগতে পারে, আপনার জন্য কাছে একটি **সেইফটি প্ল্যান (নিরাপত্তা সংক্রান্ত পরিকল্পনা)** থাকা গুরুত্বপূর্ণ।

3

একটি রিস্ট্রেইনিং অর্ডার -এর জন্য আবেদন করতে আপনাকে আপনার স্থানীয় পারিবারিক আদালতে একটি আবেদনপত্র দাখিল করতে হবে।

একটি আদালত খোঁজার জন্য:

<https://www.ontario.ca/locations/courts>

আরও জানুন:

www.owjn.org | www.onefamilylaw.ca-এ



সাহায্য গ্রহণ করুন

একজন আইনজীবীর সাথে কথা বলুন। যদিও একটি রিস্ট্রাইনিং অর্ডার পেতে সাহায্যের জন্য আপনার কোনো আইনজীবীর প্রয়োজন নেই, একজন আইনজীবীর সাথে কথা বলা সবসময়ই ভালো বুদ্ধি, বিশেষ করে আপনার যদি পারিবারিক আইন বা অভিবাসন সংক্রান্ত মামলাও থাকে।

আইনজীবীদের কাছ থেকে সাহায্যের জন্য

1) লিগ্যাল এইড অন্টারিও (Legal Aid Ontario): 1-800-668-8258

2) কমিউনিটি লিগ্যাল ক্লিনিকস (Community Legal Clinics)
<https://www.legalaid.on.ca/legal-clinics/>

3) বারব্রা শ্লাইফার কমমোরেটিভ ক্লিনিক (Barbra Schlifer Commemorative Clinic): 416-323-9149 <https://www.schliferclinic.com/>

4) লিউক'স প্লেইস ভার্চুয়াল লিগ্যাল ক্লিনিক (Luke's Place Virtual Legal Clinic):
1-866-516-3116 <https://lukesplace.ca/>

5) জাস্টিসনেট (JusticeNet)
<https://www.justicenet.ca/>

ফেমিলি ভায়োলেন্স (পারিবারিক সহিংসতা) সংক্রান্ত সহায়তার জন্য

1) জরুরী (পুলিশ, অ্যাম্বুলেন্স, ফায়ার): 911

2) অ্যাসাল্টেড উইমেন'স হেল্পলাইন (Assaulted Women's Helpline):
1-866-863-0511

3) একটি নারীদের আশ্রয়স্থল খুঁজুন
www.sheltersafe.ca

4) ভিকটিম সাপোর্ট লাইন (Victim Support Line): 1-888-579-2888

আইন বিষয়ক তথ্য (লিগ্যাল ইনফরমেশন)

1) ফেমিলি ল এডুকেশন ফর উইমেন (Family Law Education for Women) <https://onefamilylaw.ca/>

2) অন্টারিও উইমেনস জাস্টিস নেটওয়ার্ক (Ontario Women's Justice Network)
<https://owjn.org/>

3) কমিউনিটি লিগ্যাল এডুকেশন অন্টারিও (Community Legal Education Ontario)
<https://www.cleo.on.ca/en>

এমইটিআরএসি (METRAC) সম্পর্কে আরও জানতে
www.metrac.org

এটি শুধুমাত্রই সাধারণ তথ্য। আপনার যদি আইনগত পরামর্শের প্রয়োজন হয়,
আপনার একজন আইনজীবীর সাথে যোগাযোগ করা উচিত।



যাদের দ্বারা